**AKASHVANI (Kolkata)**

**Regional News Unit**

**Date: 01 -10 -2025** **Desk in Charge: SDG**

**Time: 7.35 AM** **Compiling: DSS**

**DEO: Arpita** **NR : DSS**

Announcement: - আকাশবাণী / খবর পড়ছিঃ-

বিশেষ বিশেষ খবর –

১) আজ মহা নবমী। শারদীয়া দুর্গোৎসবের এই অন্তিম লগ্নে সকাল থেকেই মন্ডপে মন্ডপে চলেছে নবমী বিহিত পুজোর প্রস্তুতি।

২) মহাষ্টমীতে কলকাতা সহ দক্ষিণবঙ্গের বিভিন্ন জেলায় আচমকা বৃষ্টিতে প্রতিমা দর্শন কিছুটা ব্যাহত হলেও রাতে মন্ডপগুলিতে ঢল নামে।

৩) পশ্চিম মধ্য বঙ্গোপসাগরের ওপর গতরাতেই একটি নিম্নচাপ এলাকা তৈরি হয়েছে। আগামী ২৪ ঘন্টায় তা আরোও ঘনীভূত হওয়ার সম্ভাবনা। এর প্রেক্ষিতে দক্ষিণবঙ্গে বৃহস্পতিবার পর্যন্ত বৃষ্টির পূর্বাভাষ। উত্তরবঙ্গে বৃহস্পতিবার থেকে বৃষ্টি বাড়বে।

৪) নির্বাচন কমিশন,পশ্চিমবঙ্গে শীর্ষ স্তরে অতিরিক্ত মুখ্য নির্বাচনী আধিকারিক এবং যুগ্ম মুখ্য নির্বাচনী আধিকারিক পদে দুই নির্বাচনী আধিকারিককে নিয়োগ করেছে।

৫) রিজার্ভ ব্যাঙ্ক RBI, আজ তাদের মুদ্রা নীতি ঘোষণা করবে

৬) ভারতীয় ডাক বিভাগ, তাদের ইনল্যান্ড স্পিড পোস্ট পরিষেবার শুল্ক কাঠামোয় কিছু পরিবর্তন এনেছে। আজ থেকে কার্যকর হচ্ছে নতুন এই ট্যারিফ।

0000000000000000000000000000000000000000000000000000000000000000000000

আজ মহা নবমী।

(ঢাক )

শারদীয়া দুর্গোৎসবের এই অন্তিম লগ্নে সকাল থেকেই মন্ডপে মন্ডপে চলেছে নবমী বিহিত পুজোর প্রস্তুতি। পুরান মতে, দেবী দুর্গতিনাশিনি নবমীর দিনে মহিষাসুর বধের জন্য যুদ্ধে ভয়ঙ্কর রূপ ধারণ করেন । নবমীতে দেবী দুর্গাকে পুজো করা হয় মহাশক্তি রূপে ।

৯ দিনের নবরাত্রি উৎসবেরও আজ নবম দিন।

এদিকে, মহাষ্টমীতে গতকাল কলকাতা ও জেলাগুলিতে মণ্ডপে মণ্ডপে মানুষের ঢল নামে। বৃষ্টির পূর্বাভাস ও বিক্ষিপ্ত বৃষ্টি উপেক্ষা করেই প্রতিমা দর্শনার্থীরা বেরিয়ে পড়েন পথে।

একটি প্রতিবেদন

(ক্যাপসুল/ অভিজিত)

প্রধান মন্ত্রী নরেন্দ্র মোদী গত সন্ধ্যায় নতুন দিল্লির চিত্তরঞ্জন পার্ক কালীবাড়িতে মহাষ্টমীর সন্ধি পুজোতে অংশ নেন । উপস্থিত ছিলেন দিল্লির মুখ্যমন্ত্রী রেখা গুপ্তা।

উপ রাষ্ট্রপতি সি পি রাধাক্রিশ্নন, দুর্গাপূজা উপলক্ষে দেশবাসীকে শুভেচ্ছা

জানিয়েছেন।সমাজ মাধ্যমে এক বার্তায় তিনি, অশুভ শক্তির বিরুদ্ধে শুভ শক্তির

জয়ের প্রতীক এই উৎসবে সকলকে,  সামাজিক ও আর্থিক দিক থেকে শক্তিশালী সমাজ গঠনের লক্ষ্যে একজোট হয়ে এগিয়ে আসার আহ্বান জানান।

0000000000000000000000

মহাষ্টমীর রাতে হাওড়ার সন্ধ্যাবজারে দুষ্কৃতীদের গুলি চালনায় এক ব্যক্তির মৃত্যু হয়েছে। সুরেশ যাদব নামক ওই ব্যক্তি বিহারের বাসিন্দা দিন দুয়েক আগে তিনি হাওড়ায় আসেন। গতরাতে বনবিহারী বোস লেন দিয়ে যাওয়ার সময় দুই বাইক আরোহী খুব কাছ থেকে তাঁকে গুলি করে পালায়। স্থানীয় মানুষজন আশঙ্কাজনক অবস্থায় সুরেশকে হাওড়া জেলা হাসপাতালে নিয়ে গেলে মৃত ঘোষণা করা হয়।

পুলিশ জানিয়েছে, সুরেশের বিরুদ্ধে বেশ কয়েকটি ফৌজদারী মামলা রয়েছে। তিনি সাত-আট বছর গোপালগঞ্জের জেলে ছিলেন। বছরদুয়েক আগে সেখানেও তাকে গুলি করা হয়, কিন্তু তিনি প্রাণে বেঁচে যান। পুলিশ ঘটনার তদন্ত করছে। খতিয়ে দেখা হচ্ছে সিসিটিভি ফুটেজ।

0000000000000000000000

পশ্চিম মধ্য বঙ্গোপসাগরের ওপর গতরাতেই একটি  নিম্নচাপ এলাকা তৈরি হয়েছে। আগামী ২৪ ঘন্টায় তা আরোও ঘনীভূত হয়ে পশ্চিম মধ্য এবং সংলগ্ন উত্তর পশ্চিম বঙ্গোপসাগরের ওপর অবস্থান করবে। শুক্রবার  তিন তারিখ সকাল নাগাদ এটি দক্ষিণ ওড়িশা ও উত্তর অন্ধ্রপ্রদেশ উপকূল অতিক্রম করবে বলে আলিপুর আবহাওয়া দপ্তর জানিয়েছে।

এর ফলে আগামী  রবিবার ৫ তারিখ পর্যন্ত রাজ্যে হালকা থেকে মাঝারি এবং কোথাও কোথাও ভারী বৃষ্টির সম্ভাবনা রয়েছে।দক্ষিণবঙ্গের বিভিন্ন জেলায় আজ  বিক্ষিপ্তভাবে

হালকা থেকে মাঝারি বৃষ্টির পূর্বাভাস দিয়েছেন আলিপুর আবহাওয়া দপ্তরের পূর্বাঞ্চলীয় প্রধান ডঃ হাবিবুর রহমান বিশ্বাস।

(বাইট)

উত্তরবঙ্গেও রয়েছে বৃষ্টির পূর্বাভাস, আগামীকাল থেকে বৃষ্টির পরিমাণ বাড়তে পারে সেখানের ৫ টি জেলায়।

উপকূলবর্তী এলাকায় ঝোড়ো হাওয়া বয়ে যাবে। ফলে শনিবার চার তারিখ পর্যন্ত মৎস্যজীবীদের ওড়িশা পশ্চিমবঙ্গ ও বাংলাদেশ উপকূল এবং গভীর সমুদ্রে যেতে নিষেধ করা হয়েছে।

0000000000000000000000

রাজ্যের বৃহত্তম কলকাতার মল্লিক ঘাট ফুল বাজারের প্রবেশ পথে ভেঙে দেওয়া রেল ব্রিজটি পুনঃ নির্মাণের দাবি জানিয়েছে সারা বাংলা ফুলচাষী ও ফুল ব্যবসায়ী সমিতি। সমিতির সাধারণ সম্পাদক, মল্লিকঘাট ফুল বাজার পরিচালন সমিতির সদস্য নারায়ন চন্দ্র নায়ক অভিযোগ করে বলেন, চক্র রেল ও স্ট্র্যান্ড ব্যাংক রোডের উপর দিয়ে রেল ব্রিজের মাধ্যমে বাজারে প্রবেশের অপর যে রাস্তা ছিল, বেশ কয়েক বছর আগে ভগ্ন ওই ব্রিজটি রেল দপ্তর ভেঙে দেয়। এর ফলে পুজোর দিনগুলিতে বহু মানুষের বাজারে প্রবেশে প্রচণ্ড অসুবিধের সম্মুখীন হতে হচ্ছে।

0000000000000000000000

নির্বাচন কমিশন, পশ্চিমবঙ্গে শীর্ষ স্তরের দুই নির্বাচনী আধিকারিককে নিয়োগ করেছে। অতিরিক্ত মুখ্য নির্বাচনী আধিকারিক পদে S. Arun Prasad, এবং যুগ্ম মুখ্য

নির্বাচনী পদে Harishankar Panicker -কে নিয়োগ করা হয়েছে বলে নির্বাচন কমিশন সূত্রে জানা গেছে। ।

পাশাপাশি উপ মুখ্য নির্বাচনী আধিকারিক পদে নিয়োগের জন্য নির্বাচনের কাজে অভিজ্ঞ , এমন তিন আধিকারিকের প্যানেল পাঠাতে বলা হয়েছে । চিঠির প্রতিলিপি রাজ্যের মুখ্য সচিবকেও পাঠানো হয়েছে বলেও কমিশন সূত্রের খবর। ।

0000000000000000000000

রিজার্ভ ব্যাঙ্ক RBI, আজ তাদের মুদ্রা নীতি ঘোষণা করবে। মুম্বাই তে RBI এর মুদ্রা নীতি কমিটি MPC র তিন দিনের বৈঠকের শেষ দিনে, গভর্নর সঞ্জয় মালহত্রা আজ সকাল ১০ টা নাগাদ বৈঠকে গৃহীত বিভিন্ন সিদ্ধান্ত সম্পর্কে সকলকে অবহিত করবেন।

মুদ্রা নীতি কমিটি , ঋণের ওপর সুদের হার হ্রাস সহ অর্থনৈতিক ক্ষেত্রে বিভিন্ন নীতি নির্ধারণের জন্যে কি ঘোষণা করে, সেই দিকেই এখন তাকিয়ে শিল্প ও বাণিজ্য মহল এবং নীতি নির্ধারকেরা। গত আগস্টে MPCর আগের বৈঠকে রেপোরেট অর্থাৎ যে হারে আর বি এই অন্য ব্যাঙ্কগুলিকে ঋণ দেয়, তা ৫ দশমিক ৫/০ শতাংশে অপরিবর্তিত রাখা হয়েছিলো।

চলতি বৈঠকের আগে স্টেট ব্যাঙ্কের এক রিপোর্টে, মুদ্রাস্ফীতি নিয়ন্ত্রণ ও আর্থিক বিকাশ ত্বরান্বিত করার লক্ষ্যে ২৫ বেসিস পয়েন্ট রেট কাটের সুপারিশ করা হয়।

0000000000000000000000

ভারতীয় ডাক বিভাগ , তাদের ইনল্যান্ড স্পিড পোস্ট পরিষেবার শুল্ক কাঠামোয় কিছু পরিবর্তন এনেছে । আজ থেকে কার্যকর হচ্ছে নতুন এই ট্যারিফ। একই সঙ্গে গ্রাহকদের সুবিধার জন্য চালু হচ্ছে একাধিক নতুন পরিষেবা।

নতুন ট্যারিফ অনুযায়ী, ৫০ গ্রাম পর্যন্ত স্থানীয় নথি পাঠাতে খরচ হবে ১৯ টাকা। একই ওজনের ডকুমেন্ট ২০০ কিলোমিটার পর্যন্ত বা তার বেশি দূরত্বে পাঠালে খরচ হবে ৪৭ টাকা। ৫১ থেকে ২৫০ গ্রাম পর্যন্ত ওজনের জন্য স্থানীয়ভাবে খরচ হবে ২৪ টাকা, সর্বোচ্চ ৭৭ টাকা। ২৫১ থেকে ৫০০ গ্রাম ওজনের নথি পাঠাতে খরচ পড়বে সর্বোচ্চ ৯৩ টাকা। সব ক্ষেত্রেই প্রযোজ্য জিএসটি আলাদা করে ধার্য হবে।

শুল্ক পরিবর্তনের পাশাপাশি চালু হচ্ছে বেশ কয়েকটি নতুন সুবিধা। এর মধ্যে রয়েছে—ওটিপি ভিত্তিক নিরাপদ ডেলিভারি, অনলাইন বুকিং ও পেমেন্টের ব্যবস্থা, রিয়েল-টাইম ডেলিভারি আপডেট, এসএমএস নোটিফিকেশন এবং রেজিস্ট্রেশনের সুবিধা। রেজিস্ট্রেশন পরিষেবার জন্য স্পিড পোস্ট প্রতি আইটেমে ৫ টাকা এবং প্রযোজ্য জিএসটি দিতে হবে।

একইভাবে ওটিপি ডেলিভারির ক্ষেত্রেও নির্ধারিত শুল্ক ধার্য হয়েছে ৫ টাকা।ছাত্রছাত্রীদের জন্য স্পিড পোস্ট ট্যারিফে ১০ শতাংশ ছাড় ঘোষণা করা হয়েছে।

নতুন গ্রাহকদের জন্য থাকছে ৫ শতাংশ ছাড়।

0000000000000000000000

সেবা ও সুশাসন, অর্থাৎ জনসেবা এবং সুশাসনের মন্ত্রে পরিচালিত, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বে সরকার রূপান্তর ও অগ্রগতি আনতে অক্লান্ত পরিশ্রম করে চলেছে। আজ, এই বিশেষ সিরিজ - 'সেবা পর্ব'-এ, আমরা আপনাদের সামনে তুলে ধরছি কিভাবে মোদী সরকার ভারতের জি২০ সাফল্য তুলে ধরেছে, গ্লোবাল সাউথ বা

দক্ষিনি বিশ্বের কণ্ঠস্বরকে আরও জোরদার করেছে এবং বিশ্ব মঞ্চে ভারতের নেতৃত্বকে শক্তিশালী করেছে।

একটি প্রতিবেদন

0000000000000000000000

সেবা পর্বের এবারের বিশেষ আলোচনার বিষয় বিকশিত ভারতের লক্ষ্যে পরিকাঠামো উন্নয়ন । এতে অংশ নিয়েছেন জনস্বাস্থ্য কারিগরী দফতরের প্রাক্তন সুপারিটেন্ডিং ইঞ্জিনিয়ার সৌমেন্দ্র রঞ্জন গাঙ্গুলি। তার সঙ্গে কথা বলেছেন সন্দীপন দাশগুপ্ত।

অনুষ্ঠানটি শুনবেন আজ (পয়লা অক্টোবর) রাত সাড়ে ৯-টায় গীতাঞ্জলি ও DTH বাংলায় এবং আকাশবাণী সংবাদ কলকাতার সোশ্যাল মিডিয়া প্ল্যাটফর্মে।

0000000000000000000000